গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর
ই-৭, আগারগাঁও, ঢাকা-১২০
www.dip.gov.bd

স্মারক নং-৫৮.০১.০০০০.১০১.৪৭.৩৪৭.২৩.**১৪১৭**

তারিখঃ ০৬ আশ্বিন ১৪৩৩ / ২১ সেপ্টেম্বর ২০২৬

অফিস আদেশ

যেহেতু, জনাব কাজী ফাহাদুর রহমান, বর্তমানে অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক হিসেবে ডাটা এন্ড পার্সোনালাইজেশন সেন্টার, ঢাকা (সংযুক্তঃ আঞ্চলিক পাসপোর্ট অফিস, নওগাঁয়) কর্মরত আছেন; এবং

যেহেতু, গত ১০-১২-২০২৪ খ্রিঃ তারিখে জনাব নাঈম উদ্দিন, পিতা-নিজামুল ইসলাম, ঠিকানাঃ হাউজ নং-১০, রোড-০৯, ব্লক-সি, চন্দ্রিমা মডেল টাউন, মোহাম্মদপুর-১২০৭ উল্লেখপূর্বক ভিন্ন ব্যক্তির জাতীয় পরিচয়পত্র (নং-১০২৫৯০৯৪৩১) ব্যবহার করে আঞ্চলিক পাসপোর্ট অফিস, ঢাকা পশ্চিম (মোহাম্মদপুর)-এ আবেদন করেন। তিনি আঞ্চলিক পাসপোর্ট অফিস, ঢাকা পশ্চিম (মোহাম্মদপুর) এ কর্মরত থাকাকালীন তার স্বীয় ইউজার আইডি (OP_Kazi)) ব্যবহার করে উক্ত আবেদনকারীর বায়ো-এনরোলমেন্ট সম্পন্ন করেন যার ইআইডি নং-4210-000196419 । আবেদনপত্রের সাথে দাখিলকৃত দলিলাদি সঠিকভাবে যাচাই-বাছাইপূর্বক আবেদনকারীকে প্রয়োজনীয় জিজ্ঞাসাবাদ করে আবেদনকারীর প্রাক-পরিচয় নিশ্চিত হয়ে এনরোলমেন্ট করা একজন কর্মচারীর দায়িত্ব থাকলেও তিনি এরকম দায়িত্বশীল ও গুরুত্বপূর্ণ নিযুক্তিতে থেকেও দাখিলকৃত দলিলাদি সঠিকভাবে যাচাই-বাছাই না করে এবং আবেদনকারীর সাথে কথা বলে প্রাক-পরিচয় নিশ্চিত না হয়েই এনরোলমেন্ট সম্পন্ন করেন; এবং

যেহেতু, এতদ্ববিষয়ে অধিদপ্তর হতে তদন্তের জন্য নিয়োগকৃত তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন অনুযায়ী উক্ত আবেদনকারীর বায়ো-এনরোলমেন্ট সম্পন্ন করার পিছনে তার সংশ্লিষ্টতার বিষয় প্রাথমিকভাবে প্রমাণিত হয়; এবং

যেহেতু, তার উপর্যুক্ত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধিমতে 'অসদাচরণ' এর পর্যায়ভূক্ত শাস্তিযোগ্য অপরাধ;

যেহেতু, উল্লেখিত অভিযোগসমূহ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধিমতে 'অসদাচরণ' এর দায়ে বিভাগীয় মামলা নম্বর ৪০/২০২৫ রুজুপূর্বক অধিদপ্তরের ১৮/১২/২০২৫ খ্রিঃ তারিখের ৫৮.০১.০০০০.১০১.৪৭.৩৪৭.২৩.৩৪২৯ নম্বর স্মারকমূলে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণপূর্বক কারণ দর্শানো হয়; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মচারী ৩০/১২/২০২৫ খ্রিঃ তারিখে উক্ত অভিযোগনামায় বর্ণিত অভিযোগের বিষয়ে লিখিত জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানি প্রার্থনা করেন। অভিযুক্তের আবেদনের প্রেক্ষিতে ০৮/০১/২০২৬ খ্রিঃ তারিখে ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। শুনানিঅন্তে আনীত অভিযোগ, তার দাখিলকৃত জবাব ও উভয় পক্ষের বক্তব্য এবং অন্যান্য তথ্যাদি পর্যালোচনায় তার উপর 'লঘুদন্ড' আরোপ করার সিদ্ধান্ত যুক্তিযুক্ত মর্মে প্রতীয়মান হয়;

সেহেতু, জনাব কাজী ফাহাদুর রহমান, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, ডাটা এন্ড পার্সোনালাইজেশন সেন্টার, ঢাকা (সংযুক্তঃ আঞ্চলিক পাসপোর্ট অফিস, নওগাঁ)-কে তার বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী "অসদাচরণ' এর প্রমাণিত অভিযোগের গুরুত্ব বিবেচনায় একই বিধিমালার ৪(২)(খ) বিধি অনুযায়ী আদেশ জারীর তারিখ হতে ০১(এক) বছরের জন্য **'বার্ষিক বর্ধিত বেতন স্থগিত'** লঘুদন্ড প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-
মেজর জেনারেল মোঃ নুরুল আনোয়ার
বিএসপি, এসজিপি, এনডিসি, এইচডিএমসি, এএফডব্লিউসি, পিএসসি, জি
মহাপরিচালক।

স্মারক নং- ৫৮.০১.০০০০.১০১.৪৭.৩৪৭.২৩.**১৪১৭**

তারিখঃ ০৬ আশ্বিন ১৪৩৩ / ২১ সেপ্টেম্বর ২০২৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) পরিচালক (প্রশাসন ও অর্থ)/(পাসপোর্ট, ভিসা ও পরিদর্শন)/(ডাটা এন্ড পার্সোনালাইজেশন সেন্টার)/(পরিকল্পনা ও উন্নয়ন), ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।

(চলমান পাতা/০২)

৩) পরিচালক, ডাটা এন্ড পার্সোনালাইজেমন সেন্টার, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা **(আদেশটি আবশ্যিকভাবে বর্ণিত কর্মচারীর চাকুরি বহিতে যথাযথভাবে লিপিবদ্ধকরণের অনুরোধসহ)**।

৪) সিস্টেম এনালিস্ট, ডাটা এন্ড পার্সোনালাইজেশন সেন্টার, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা **(অফিস আদেশটি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)**।

৫) চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

৬) পরিচালক/উপপরিচালক/সহকারী পরিচালক, বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস/ আঞ্চলিক পাসপোর্ট অফিস, ... (সকল)।

৭) উপপরিচালক, ... শাখা, প্রধান কার্যালয়, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা (সকল শাখা প্রধান)।

৮) মহাপরিচালক মহোদয়ের স্টাফ অফিসার, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।

৯) সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা, প্রধান কার্যালয়, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।

১০) ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (মাসব্য ও অর্থ)/(পাসপোর্ট, ভিসা ও ইমিগ্রেশন), ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।

১১) জনাব কাজী ফাহাদুর রহমান, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, ডাটা এন্ড পার্সোনালাইজেশন সেন্টার, ঢাকা (সংযুক্তঃ আঞ্চলিক পাসপোর্ট অফিস, নওগাঁ)।

১২) সংশ্লিষ্ট নথি।

২১/০১/২০২৫

(মোছাঃ তাজমা খাতুন)
সহকারী পরিচালক (গোপনীয়)
মহাপরিচালকের পক্ষে।
adconfidential@passport.gov.bd